# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

বিডিপি/মিনিটস/এজিএম-২০২৫ ১৫ ফেব্রুয়ারি ২০২৬

**০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বনানী ডিওএইচএস পরিষদের কমিউনিটি হলে বিকাল ১৬০০ ঘটিকায় অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা-২০২৫ (এজিএম) এর কার্যবিবরণী**

**উপস্থিতিঃ**

| | | |
|---|---|---|
| (ক) | মেজর জেনারেল আবদুস সালাম চৌধুরী, এনডিসি (অব.) | - প্রেসিডেন্ট |
| (খ) | কর্নেল হুসেইন মাহমুদ চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি (অব.) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| (গ) | জনাব আলী বখতিয়ার মাহমুদ মেহেদী | - ভাইস প্রেসিডেন্ট |
| (ঘ) | এ্যাডঃ আখতার মাহমুদ চৌধুরী | - জয়েন্ট সেক্রেটারি |
| (ঙ) | মেজর শামস আহমেদ জিয়া (অব.) | - ট্রেজারার |
| (চ) | লেঃ কর্নেল মোঃ তারিক ইমাম সিদ্দিকী (অব.) | - মেম্বার এ্যাডমিন |
| (ছ) | উইং কমান্ডার মোহাম্মদ সোহেল লতিফ, পিএসসি (অব.) | - মেম্বার সিকিউরিটি |
| (জ) | মেজর ডা. মোহাম্মদ মুবিন (অব.) | - মেম্বার মেডিকেল |
| (ঝ) | জনাব মোঃ জুলফিকার আলী | - সাধারণ সদস্য |
| (ঞ) | জনাব মুহাম্মদ হায়দার আলী | - সাধারণ সদস্য |
| (ট) | মিসেস শাহরীন হোসেইন তানিয়া | - সাধারণ সদস্য |
| (ঠ) | জনাব মোঃ জাহাঙ্গীর হামিদ সোহেল | - সাধারণ সদস্য |
| (ড) | শায়লা সুলতানা সিদ্দিকী | - সাধারণ সদস্য |
| (ঢ) | জনাব এনায়েতুল বারী | - সাধারণ সদস্য |

**কার্যনির্বাহী কমিটির সদস্য ১৪ জন, সাধারণ ভোটার ও রেজিস্ট্রেশনকৃত ফ্ল্যাট মালিক: ৬৮ জন এবং সেনাসদর কিউএমজির শাখার প্রতিনিধি-০১ জন সর্বমোট ৮৩ জন।**

**কোরআন হতে তেলাওয়াত ও অনুবাদ**

বনানী ডিওএইচএস জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মুফতি আব্দুস শাকুর সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত ও অনুবাদ করেন এবং পরলোকগত বাসিন্দাদের বিদেহী আত্মার মাগফেরাতের জন্য দোয়া ও মোনাজাত করা হয়।



Telephone : +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

**১ নং আলোচ্যসূচী**

বার্ষিক সাধারণ সভা-২০২৪ এর কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদনঃ

গত সাধারণ সভার মিনিটস সভায় উপস্থাপন করা হয়, এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করে মিনিটসটি অনুমোদিত হয়। প্রস্তাবকারী জনাব কবির আহমেদ এবং সমর্থনকারী জনাব ফারুক আহমেদ ভূঞা ।

**২ নং আলোচ্যসূচী**

পরিষদের ভারপ্রাপ্ত সেক্রেটারি ডিওএইচএসের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ডের প্রতিবেদন সভায় পড়ে শুনান।

**৩ নং আলোচ্যসূচী**

পরিষদের ট্রেজারার কর্তৃক ২০২৪-২০২৫ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সভায় উপস্থিত সদস্যদের আলোচনার পর জনাব ফারুক আহমেদ ভূঞা বিলটি পাশের জন্য প্রস্তাব করেন এবং জনাব ডা. নিজাম উদ্দিন আহমেদ সমর্থন করেন।

**৪ নং আলোচ্যসূচী**

পরিষদের ট্রেজারার কর্তৃক ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সভায় উপস্থিত সদস্যদের আলোচনার পর বিলটি পাশের জন্য ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব (অব.) প্রস্তাব করেন এবং জনাব মাহবুবুর রহমান, এফসিএ সমর্থন করেন।

**৫ নং আলোচ্যসূচী**

The Constitution of DOHS Porishod প্যারা-৬৬, সাব প্যারা-৪ অনুসারে ২০২৫-২০২৬ অর্থ বছরের অডিট কমিটির জন্য নিম্নেবর্ণিতভাবে জেনারেল মিটিং এ উপস্থাপন করা হয়ঃ

ক। ০১× জেনারেল মেম্বার, বনানী ডিওএইচএস - কনভেনার।

খ। ০১× জেনারেল মেম্বার, বনানী ডিওএইচএস - সদস্য।

গ। ০১×প্রতিনিধি স্টেশন সদর দপ্তর, ঢাকা।

ঘ। ০১×প্রতিনিধি অন্য ডিওএইচএস থেকে।

সিদ্ধান্তঃ বিষয়টি হাউজে বিস্তারিত আলোচনার পর ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য অডিট কমিটির কনভেনার হিসেবে জনাব এম বি এম লুৎফুল হাদী, এফসিএ এবং সদস্য হিসেবে জনাব জসিম উদ্দিন, এফসিএ কে সমর্থন করেন।



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

**৬ নং আলোচ্যসূচী**

**সাধারণ সদস্য কর্তৃক উত্থাপিত লিখিত পয়েন্টের উপর আলোচনা**

**জনাব লুৎফর রহমান, বাড়ী নং ৬৫, ফ্ল্যাট নং এ/৩, বি/৩, রোড নং ৫, ভোটার নং ৯৪৮**

আমি ফ্ল্যাট মালিক হিসাবে দীর্ঘ দিন যাবৎ ৬৫ নং বাসায় বসবাস করিতেছি। কিন্তু অত্যান্ত দু:খের বিষয় বিগত তিন বছর যাবৎ গ্যাসের সরবরাহ খুবই খারাপ। প্রতিদিন সকাল ১০:০০ টার দিকে গ্যাস চলে যায় এবং বিকাল ০৬:০০ টার পর অল্প অল্প আসে এবং অনেক সময় রাতেও থাকে না। বিকল্প ভাবে বাসাতে এলপি গ্যাস ব্যবহারের অনুমতি না থাকায় রান্না করা যথেষ্ঠ সমস্যা হচ্ছে বিধায় গ্যাস লাইন পরীক্ষা করে সমস্যা সমাধান করা, অন্যথায় বিকল্প ভাবে এলপি গ্যাস ব্যবহারের অনুমতি প্রদান করা অতিব জরুরী।

**পরিষদের মতামত:** গ্যাসের সমস্যা সমাধানে কার্যক্রম অব্যাহত আছে। তিতাস কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে অত্র এলাকায় পাইপ স্থাপনের প্রয়োজন এবং এ কাজে বিপুল অর্থের প্রয়োজন বলে জানিয়েছেন। এ ব্যাপারে আপনাদের সাথে মতবিনিময় করা হবে। আর্থিক ব্যাপারে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

**মিসেস ফাহমিদা তারেক, বাড়ী নং ৬৬/এ, রোড নং ৫, ভোটার নং ৩৮৫**

১। বনানী ডিওএইচএসের কার স্টিকার দিয়ে Kurmitola Golf Club এর ভিতর দিয়ে যাতায়াতের অনুমতির ব্যবস্থা করা হোক।

**পরিষদের মতামত:** সেনানিবাস সংরক্ষিত এলাকা বিধায় গলফ গেট পূর্ব থেকেই গেট বন্ধ ছিল। মহাখালী ডিওএইচএস থেকে বনানী ডিওএইচএসে প্রবেশের জন্য রাস্তাটি করা হয়েছিল। গলফারদের প্রবেশের জন্য রাস্তাটি খুলে দেওয়া হয়েছে। বর্তমান পরিস্থিতিতে সার্বিক নিরাপত্তা বিবেচনা করে গলফ গেটটি আপতত বন্ধ রাখা হয়েছে। ডিওএইচএস বাসিন্দাদের চলাচলের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

২। অপরিচিত লোক ভূয়া পরিচয়ে বাসায় প্রবেশ বন্ধ করা।

**পরিষদের মতামত:** প্রচলিত নিয়মে হাউজ গার্ড, কেয়ারটেকার, গৃহকর্মী, চালক, নির্মাণ শ্রমিক এবং বানিজ্যিক অফিসের স্টাফদের পরিষদ থেকে দেওয়া আইডি কার্ড নিশ্চিত করত: বনানী ডিওএইচএসে প্রবেশাধীকার দেওয়া হয়। আপনাদের বাসায় ভুয়া পরিচয়ে যাতে কোন ব্যক্তি প্রবেশ করতে না পারে সে ব্যাপারে নিজ নিজ গার্ড, কেয়ারটেকার/ ম্যানেজারের মাধ্যমে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিয়ন্ত্রনের লক্ষে ভ্রাম্যমান নিরাপত্তা টিম গঠন করা হয়েছে।



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

৩। নতুন গার্ডদেরকে আরো প্রশিক্ষণ প্রদান করা হোক।

**পরিষদের মতামত:** নতুন গার্ডদের প্রশিক্ষণের ঘাটতি রয়েছে, তবে পর্যায়ক্রমে নতুন ও পুরাতন গার্ডদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া গার্ডদেরকে মসজিদের ইমামের মাধ্যমে মোটিভেশনের ব্যবস্থা করা হয় এবং তা চলমান থাকবে।

৪। নির্মাণ কাজে নিয়োজিত লোকদের অতিরিক্ত হৈ চৈ করা থেকে বিরত রাখা। প্রয়োজনের চেয়ে বেশী তারা চিৎকার করে এবং ঝগড়া করে। এটি বন্ধ করার ব্যবস্থা করা হোক।

**পরিষদের মতামত:** বনানী ডিওএইচএসের অভ্যন্তরে সকল প্রকার নির্মাণ কাজের জন্য নির্মাণাধীন প্লট মালিক ও ডেভেলপার কোম্পানীকে নীতিমালা দেওয়া আছে, সেই অনুযায়ী কনস্ট্রাকশন কাজ পরিচালনার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। রাত্রে মালামাল লোড ও আনলোডের সময় অধিক শব্দ ও শ্রমিকদের চেঁচামেচি না করে বিষয়টি টহল গার্ডদের মাধ্যমে তদারকি করা হচ্ছে।

**সভার সম্মানিত সভাপতির অনুমতিক্রমে উত্থাপিত মৌখিক পয়েন্ট সমূহ ও পরিষদের মতামত**

**পয়েন্ট-০১: জনাব কবির আহমেদ, বাড়ী # ২১, রোড# ০৩**

এমইও কর্তৃক প্লটের বরাদ্দকৃত জায়গার বাহিরে বেশ এলাকা জুড়ে জায়গা বেদখল অবস্থায় রয়েছে। এ সকল জায়গা পরিষদ থেকে প্রতিষ্ঠানিক ভাবে কোন পদক্ষেপ নেওয়া হয়েছে কি?

**পরিষদের মতামত:** এমইও কর্তৃক বরাদ্দকৃত জায়গার বাহিরে অন্যান্য জায়গা সরকারী জায়গা হিসাবে চিহ্নিত। বনানী ডিওএইচএসের বেদখলকৃত জায়গাগুলো সার্ভে করে এলাকাবাসীর উপকারে আসে সে ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড/এমইও এর অনুমতি স্বাপেক্ষে পদক্ষেপ নেওয়া হবে।

**পয়েন্ট- ০২: ডা. এস এম আবুল খায়ের মিয়া, বাড়ী# ০৩, রোড# ০৪, ভোটার নং ২৯**

১। পরিষদের খেলার মাঠের বেশ কিছু কাঠের বেঞ্চ নষ্ট আছে। এগুলো পরিবর্তন করে দীর্ঘ মেয়াদের জন্য স্টিলের বেঞ্চ বসানো হোক।

**পরিষদের মতামত:** বেঞ্চগুলো সরেজমিনে পরিদর্শন করে কার্যকরী পদক্ষেপ নেওয়া হবে।

২। বনানী ডিওএইচএসের প্রবেশপথ ৩ নং গেইট সংলগ্ন ক্যান্টনমেন্ট পুকুরের পার্শ্বে ২/৩ ফুট কাচা জায়গা রয়েছে। রাস্তাটি ফুট ওয়াকওয়ে এর ব্যবস্থা করা হোক।

**পরিষদের মতামত:** আগে একসময় ওয়াকওয়ে ছিল যা রাস্তার সাথে মিশে গিয়েছে। রাস্তাটি ফুট ওয়াকওয়ে করার ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হবে।



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

**পয়েন্ট- ০৩: মিসেস রমিনা দেওয়ান, বাড়ী# ০৯, রোড# ০৪, ভোটার নং ৭০**

গার্ড/চালক/নির্মাণ শ্রমিকরা অনেক সময় রাস্তার উপর থুথু ফেলে যা পরিবেশের জন্য অস্বাস্থ্যকর। এ ব্যাপারে তাদেরকে মোটিভেশন করা, সচেতনতা মূলক ব্যানার স্থাপন বা জরিমানা করা হোক।

**পরিষদের মতামত:** যেখানে সেখানে থুথু ফেলা পরিবেশের জন্য ক্ষতিকর। এ ব্যাপারে মোটিভেশন ক্লাশের মাধ্যমে পরিষদের গার্ড/ক্লিনারদেরকে সর্তক করা হবে।

**পয়েন্ট- ০৪: প্রফেসর ফরিদা হক, বাড়ী# ০৯, রোড# ০৪, ভোটার নং ৭০**

সিএমএইচ হতে Prescription এর মাধ্যমে Continue Medicine Review করার সময়সীমা ০৩ মাসের বেশী করা হোক।

**পরিষদের মতামত:** বর্তমানে Continue Medicine এর Review সময়সীমা ৬ মাস পর্যন্ত নির্ধারণ করা আছে।

**পয়েন্ট- ০৫: জনাব মাহমুদ উজ্জামান (বাবু), বাড়ী# ৩১/এ, ওয়েষ্টার্ণ রোড, ভোটার নং ২৫১**

১। বর্তমানে আমরা এজিএমএ আয় ও ব্যায়ের হিসাব পেয়ে থাকি। মাসিক/ত্রৈমাসিক ভিতিত্তে সাধারণ সদস্যদেরকে আয় ও ব্যায়ের হিসাব অবহিত করা হোক।

**পরিষদের মতামত:** আমাদের একটি অত্যাধনীক এ্যাপস এর কার্যক্রম শুরু করা হয়েছে। এই এ্যাপস এর মাধ্যমে পরিষদের যাবতীয় নোটিশ, আয়/ব্যায় ত্রৈমাসিক ভিত্তিতে ও অন্যান্য তথ্যাদি অবহিত করা হবে।

২। সাব কমিটি সভার কার্যবিবরণীতে কনভেনার ও সদস্য সচিব স্বাক্ষর করে থাকেন। উল্লেখ্য যে, কার্যবিবরণীতে অন্যান্য সদস্যগণের স্বাক্ষর নেয়া হোক।

**পরিষদের মতামত:** সাব কমিটির সভার কার্যবিরণীতে কমিটির কনভেনার ও সদস্য সচিবের স্বাক্ষরই যথেষ্ট। এখানে সদস্যগণের স্বাক্ষরের কোন বাধ্যবাধকতা নাই। সভার সিদ্ধান্ত সমূহ সদস্যদের নিকট প্রেরণ করা হচ্ছে এবং ভবিষ্যতে হবে।

**পয়েন্ট- ০৬: মেজর মো: মিজানুর রহমান (অব.), বাড়ী# ৫৭/এ, রোড# ০৫**

১। আমরা ক্যান্টনমেন্ট বোর্ড কে অত্র এলাকার রাস্তা মেরামত, বৈদ্যুতিক বাতি সচল রাখা এবং এলাকার পরিচ্ছন্নতার কার্যক্রমের নিমিত্তে নিয়মিতভাবে বার্ষিক গৃহকর প্রদান করে থাকি। তথাপিও বনানী ডিওএইচএসের ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক উল্লেখিত বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহন করা হচ্ছে না। এ বিষয়ে আশু ব্যবস্থা গ্রহনের অনুরোধ করছি।

**পরিষদের মতামত:** ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক শিগগিরই রাস্তা মেরামতের কাজ শুরু করবে। এছাড়া পরিষদ থেকে পত্র দেওয়ার পর ক্যান্টনমেন্ট বোর্ড স্ট্রিট লাইট মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ হাতে নিয়েছেন। এ ব্যাপারে পরিষদ থেকে তদারকি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।



CamScanner

২। গলফ লেকটি অপরিচ্ছন্ন থাকায় মশা-মাছি বৃদ্ধি পাচ্ছে। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহন করা হোক।

**পরিষদের মতামতঃ** গলফ লেকটি ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে, তবে লেকটি বনানী ডিওএইচএসের সংলগ্ন হওয়ায় মশা-মাছি দূর করতে বৈজ্ঞানিক উপায়ে মশক নিধনের কার্যক্রম হাতে নেওয়া হয়েছে।

৩। মসজিদে শিশু কিশোরসহ সব বয়সীদের জন্য কোরআন হাদিস ও নীতি নৈতিকতা শিক্ষার জন্য মক্তব চালু করা হোক।

**পরিষদের মতামতঃ** ইতিমধ্যে মসজিদে শিশু কিশোরসহ সব বয়সীদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে।

৪। অত্র এলাকার নিম্নবৃত্তদের জন্য যেমনঃ ড্রাইভার, গৃহকর্মী, গার্ড, কেয়ারটেকার ব্যক্তিদেরকে ফ্রি ফ্রাইডেতে চিকিৎসা সেবা প্রদান করা হোক।

**পরিষদের মতামতঃ** স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে সার্বক্ষনিক এই চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।

**পয়েন্ট- ০৭ঃ মেজর জেনারেল ফজলুর রহমান (অব.), বাড়ী# ৫৪/এ, রোড# ৩৩৬**

১। ২ নং রোডটি ওয়ানওয়ে যথাযথ ভাবে কার্যকর করার জন্য পয়েন্ট উত্থাপন করেন।

**পরিষদের মতামতঃ** বনানী ডিওএইচএসের সিকিউরিটি গার্ডদের মাধ্যমে ওয়ানওয়ে চলাচল নিশ্চিত করা হচ্ছে। কোন কোন সময় গার্ড স্বল্পতার কারণে ওয়ানওয়েতে গার্ড প্রদান করতে না পারায় ওয়ানওয়ে নিশ্চিত করা সম্ভব হয় না। চালকগনকে তা মেনে চলার জন্য সকল বাসিন্দাগণের সহযোগিতা কামনা করা হচ্ছে।

২। Deep Cleaning Day তে অংশগ্রহন বৃদ্ধির জন্য শুক্রবারের পরিবর্তে শনিবার নির্ধারণ করা হোক।

পরিষদের মতামতঃ ভবিষ্যতে বিবেচনা করা যেতে পারে।

৩। বনানী ডিওএইচএসে পথ কুকুর এর উৎপাত বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে ফজরের নামাজের সময় মুসুল্লিগণ কুকুরের হিংস্রতায় ভীত সন্ত্রস্ত থাকে। শান্তিপূর্ন পরিবেশে বসবাসের জন্য এ সকল পথ কুকুর বনানী ডিওএইচএসের বাহিরে স্থানান্তর করা হোক।

**পরিষদের মতামতঃ** পথ কুকুর এর ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট নির্দেশনা চেয়ে পত্র দেওয়া হয়েছে।

**পয়েন্ট- ০৭ঃ ডা. মাহবুব রহমান খান অঞ্জন, বাড়ী# ৩০/এ, রোড# ০২**

১। কমিউনিটি হলের অনুষ্ঠানে উচ্চ ভলিউমে সাউন্ড বাজানো বন্ধ করা হোক।

**পরিষদের মতামতঃ** পরিষদের ব্যবস্থাপনায় সাউন্ড সিষ্টেম বাজানো হয় এবং এলাকাসীগণের কষ্টের কথা বিবেচনা করে রাত ২২৩০ ঘটিকার মধ্যে সাউন্ড সম্পুর্ন ভাবে বন্ধ করা হচ্ছে। ভবিষ্যতে সহনীয় মাত্রায় সাউন্ড বাজানো নিশ্চিত করা হবে।



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

**সভাপতির ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা**

১। সভাপতি বনানী ডিওএইচএস এর বার্ষিক সাধারন সভা-২০২৫ এ উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় নিম্নলিখিত বিষয়ে আলোকপাত করেনঃ

ক। **এজিএম এর উপস্থিতি**। বনানী ডিওএইচএসে ১৮৫ টি প্লট ও ১৫০৬ টি ফ্ল্যাট রয়েছে তথাপিও এজিএম এ সীমিত সংখ্যক ব্যক্তিবর্গের উপস্থিতিতে তিনি বিস্ময় প্রকাশ করেন। এজিএম আরো প্রানবন্ত করার জন্য সাধারণ সদস্যদের অধিকতর উপস্থিতি কামনা করেন।

খ। **এলাকাবাসীগণের সাথে মতবিনিময় সভার আয়োজন প্রসঙ্গে**। কার্যনির্বাহী কমিটির নির্বাচন পরবর্তী জেনারেল মেম্বার ও এলাকাবাসীদের সাথে সম্মানিত সভাপতি ও ইসি সদস্যদের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতি প্রতি ০৩ মাস অন্তর অন্তর এলাকাবাসীদের সাথে মতবিনিময় করার প্রতিশ্রুতি দেন। অণিবার্য কারণ বশত: উক্ত মত বিনিময় সভা আয়োজন করতে না পারায় তিঁনি দু:খ প্রকাশ করেন। এ সময়ের মধ্যে পরিষদ যে সকল কর্মকান্ড সম্পন্ন করা হয়েছে তা সকলে অবহিত আছেন।

গ। **বনানী ডিওএইচএসের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম**। বনানী ডিওএইচএসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য পরিষদ বদ্ধপরিকর। এরই ধারাবাহিকতায় মাসিক Deep Cleaning কর্মসূচী পালিত হয়। পরিষদের উদ্যোগে বড় ও ছোট ডাষ্টবিন সংগ্রহ করে অধিকাংশ বাসায় পৌছানো হয়েছে। এর উদ্দেশ্য ছিল বাসা বাড়ীর যাবতীয় ময়লা সুষ্ঠু সংরক্ষণ ও এলাকার পরিচ্ছন্নতা পরিবেশ বজায় রাখা। ভবিষ্যতে আমাদের মাসিক Deep Cleaning কর্মসূচী অব্যাহত থাকবে। নিজ নিজ বাড়ীর সামনে মাটির জায়গা পাকাকরণ, শুষ্ক মৌসুমে ধুলাবালি রোধকল্পে পানি ছিটাতে আহবান জানান। এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

ঘ। **মসজিদ এনেক্স বিল্ডিংয়ের নির্মাণ কাজ সম্পন্ন প্রসঙ্গে** । মসজিদ সংলগ্ন জি+৭ এনেক্স বিল্ডিংটি নির্মাণাধীন। এই ভবনটি নির্মাণে ইতিমধ্যে ০২ কোটি ৮১ লক্ষ টাকা খরচ ব্যয় হয়েছে। সম্পূর্ন নির্মাণ কাজের জন্য আরো আনুমানিক ৫ কোটি টাকার প্রয়োজন। এনেক্স বিল্ডিংয়ের কয়েকটি ফ্লোর বানিজ্যিক অফিস হিসাবে ভাড়া দেওয়ার পর প্রাপ্ত অর্থ মসজিদের ব্যয়ভার পুরনে সহায়ক হবে।

ঙ। **বনানী ডিওএইচএস একটি থানায় অর্ন্তভূক্ত করণ প্রসঙ্গে**। বনানী ডিওএইচএসকে এক থানায় অন্তর্ভূক্ত করার কাজ অগ্রসর হচ্ছে।



CamScanner

# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

চ। **<u>খালী ফ্ল্যাটের সার্ভিস চার্জ প্রদান প্রসঙ্গে</u>।** বনানী ডিওএইচএসের ১৩৭ টি খালী ফ্ল্যাটের সার্ভিস চার্জ দীর্ঘদিন যাবত প্রদান করছেন না। যার ফলে পরিষদ আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ সকল ফ্ল্যাটের সার্ভিস চার্জ প্রদান করার জন্য সভায় পয়েন্ট উত্থাপন করা হয়। হাউজের অধিকাংশ সদস্য খালী ফ্ল্যাটের বিপরীতে সার্ভিস চার্জ গ্রহনের জন্য একমত পোষণ করেন। সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, এ সকল ফ্ল্যাট যদি সার্ভিস চার্জ প্রদানে ব্যর্থ হয় তবে পরিষদ হতে অভ্যন্তরীণ সিকিউরিটি সার্ভিস, ড্রেন ও হাউজের ময়লা অপসারণ, সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা, গাড়ীর ষ্টিকার প্রদান এবং অন্যান্য সুযোগ সুবিধা বন্ধ করা হবে। বর্ণিত খালী ফ্ল্যাটের সার্ভিস চার্জ আদায়ের জন্য প্রয়োজনে টিম গঠন করা হবে। উক্ত খালী ফ্ল্যাটের সার্ভিস চার্জ প্রাপ্তির পর পরিষদের আয় বৃদ্ধি হলে কর্মচারীদের মহার্ঘ ভাতা দেওয়া হবে।

ছ। **<u>আধুনিক অ্যাপ এবং ইন্টারেক্টিভ ওয়েবসাইট চালু প্রসঙ্গে</u>।** একটি আধুনিক অ্যাপ এবং ইন্টারেক্টিভ ওয়েবসাইট চালু করতে যাচ্ছি। ইতোমধ্যে আপনাদের নিকট তথ্য ফরম প্রেরণ করা হয়েছে। আপনাদের সার্বিক সহযোগিতা পেলে পরিষদের সকল কার্যক্রম সম্পর্কে হালনাগাদ তথ্য এবং পরিষদ প্রদত্ত সকল সেবা এক স্থানে সহজেই পাওয়া যাবে।

জ। <u>পবিত্র ঈদুল আযহার জামাত আয়োজন প্রসঙ্গে</u>। স্পন্সরের সহযোগিতা পেলে বনানী ডিওএইচএস খেলার মাঠে পবিত্র ঈদুল ফিতর-২০২৬ এর জামাত আয়োজন করা হবে। অন্যথায় বনানী ডিওএইচএস জামে মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হবে। ইনশাল্লাহ এতে নামাজ ব্যবস্থায় কোন বিঘ্ন ঘটবে না।

ঝ। <u>মসজিদে মহিলাদের অংশে লিফট স্থাপন প্রসঙ্গে</u>। মসজিদে মহিলাদের অংশে শিগগিরই লিফট স্থাপন করা হবে।

ঞ। <u>বাড়ীর ছাদ ব্যবহার প্রসঙ্গে</u>। সেনাসদরের নির্দেশ অনুযায়ী ছাদের মালিকানা মূল বাড়ী মালিকের কাছে থাকবে। তবে অন্যান্যরা ব্যবহার করতে পারবে। প্লটে সকলে শান্তিপূর্নভাবে বসবাসের জন্য ফ্ল্যাট ওনার্স এ্যাসোসিয়েশন এর মাধ্যমে ছাদ ব্যবহারে করণীয় নির্ধারণ করার জন্য অনুরোধ করেন। এ প্রসঙ্গে তিঁনি নিজ ভবনের ছাদ ব্যবহারের বর্ণনা করেন:

(১) মালি কর্তৃক ছাদে বাগান করা হয়। বাগানের পরিচর্যা ও ফলফলাদি মালিক কর্তৃক সকল ফ্ল্যাটে সমহারে বন্টন করা হয়।

(২) ছাদে ছোট আকারে অনুষ্ঠান করা এবং অনুষ্ঠান শেষ হওয়ার পরপরই পরিষ্কার পরিচ্ছন্নতা যথাযথভাবে সম্পন্ন করা হয়।

**Telephone :** +88 02 8714697
**E-mail** : infodohsbanani@gmail.com
**Web** : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

ট। **মাধবী লাউঞ্জ সকলের জন্য উন্মুক্ত ও ভাড়া হ্রাস প্রসঙ্গে।** বনানী ডিওএইচএস মাধবী লাউঞ্জের ভাড়া সর্বাধিক ১০ হাজার টাকা থেকে ৪ হাজার টাকা কমিয়ে সর্বাধিক ৬ হাজার টাকা করা হয়েছে। এই সুবিধা বনানী ডিওএইচএসে বসবাসরত প্লট, ফ্ল্যাট এবং ভাড়াটিয়াগণের জন্য উন্মুক্ত করা হয়েছে।

ঠ। **কমিউনিটি হলের ভাড়া হ্রাস প্রসঙ্গে।** বর্তমান কার্যনির্বাহী কমিটির দায়িত্ব গ্রহনের পর এলাকাবাসিগণের সুবিধার্থে কমিউনিটি হলের ভাড়া হ্রাস করা হয়েছে। কমিউনিটি হল এবং হার্ডস্ট্যান্ড এর ভাড়া স্থায়ী বাসিন্দাদের জন্য ৭৯ হাজার টাকা ধার্য্য ছিল। এ থেকে ১৪ হাজার টাকা কমিয়ে ৬৫ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ভাড়াটিয়াদের জন্য ১ লক্ষ ১৮ হাজার ৫০০ টাকা ধার্য্য ছিল, এ থেকে ৪৩ হাজার ৫০০ টাকা কমিয়ে ৭৫ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।

ড। **সিনিয়ার সিটিজেন-৭০ বছরের উর্ধ্বে পুরুষদের অংশগ্রহণে মিলনমেলার আয়োজন।** বনানী ডিওএইচএসে মহিলা সমিতি রয়েছে যার মাধ্যমে মহিলাগণ একত্রিত হয়ে ভাব বিনিময় করার সুযোগ পাচ্ছে। তাদের ন্যায় সিনিয়ার পুরুষ-৭০ বছরের উর্ধ্বে বয়স তাদেরকে নিয়ে গত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে কমিউনিটি লাউঞ্জে মিলনমেলার আয়োজন করা হয়। এতে ৩৭ জন বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। আগত ব্যক্তিবর্গের মধ্যে অনেকেই তাদের জীবনের স্মরণীয় ঘটনা স্মৃতিচারণ করেন। এই ধরনের অনুষ্ঠান চলমান থাকবে। এছাড়া এলাকাবাসীগণের উদ্যোগে ০১ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে আনন্দঘন পরিবেশে মেজর জেনারেল (অব.) ডাঃ আব্দুর রহমান খান এর জন্মশতবার্ষিকী উদযাপন করা হয়।

ঢ। **কর্মচারীদের বেতন বৃদ্ধি প্রসঙ্গে।** কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়টি বিবেচনাধীন আছে। এ ব্যাপারে একটি কমিটি গঠনের মাধ্যমে কার্যকর করা হবে।

ণ। **খেলার মাঠ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।** খেলার মাঠের অনেক স্থানে ছোট ছোট গর্ত ও অসমতল ছিল। সিলিকন বালু দিয়ে গর্তগুলো ভড়াট এবং ডোজার দ্বারা মাঠ সমতল করা হয়েছে।

ত। **বনানী ডিওএইচএসে বৃহদাকারে মেইন গেট তৈরী প্রসঙ্গে।** বনানী ডিওএইচএসে বৃহদাকারে মানসম্মত মেইন গেট তৈরী করার পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

থ। **এলাকার সৌন্দর্যবর্ধনের বৃহৎ পরিকল্পনা গ্রহন।** এলাকার সৌন্দর্যবর্ধনের কাজ চলছে। একটি বিশেষায়িত আর্কিটেক ফার্মদ্বারা অত্র এলাকা মাষ্টার প্লানের অর্ন্তভূক্ত করে উপযোগী গাছপালা রোপন করা হবে।

দ। **মশক নিধনে পদক্ষেপ গ্রহন।** পরিষদের ক্লিনিং সাব কমিটির মাধ্যমে মশক নিধনে রুটিন করে ফগিং ও স্প্রে করা হচ্ছে। এছাড়া বৈজ্ঞানিক উপায়ে মশা নিধনের কার্যক্রম হাতে নেওয়ার উদ্যোগ প্রক্রিয়াধীন।



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

২। বনানী ডিওএইসএসের সুন্দর পরিবেশ, সার্বিক নিরাপত্তা এবং সম্প্রীতি বজায় রাখার জন্য তিঁনি সম্মানিত বাসিন্দাদের প্রতি উদ্বাত্ত আহ্বান জানান। তিঁনি উল্লেখ করেন যে, আমরা আমাদের হৃদয়কে যেমন ভালবাসি, তেমনি যেখানে বাস করি তাও হৃদয়ে ধারণ করবো। পরিশেষে সবার সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী
ভারপ্রাপ্ত সেক্রেটারি

15/02/26
আবদুস সালাম চৌধুরী
মেজর জেনারেল (অব.)
সভাপতি
বনানী ডিওএইচএস পরিষদ





CamScanner